

আজ যুব তৃণমূলের মহামিছিল

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ নিত্য ব্যবহার্য পেট্রোল ও ডিজেলের দাম বৃদ্ধি ও রান্নার গ্যাসের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে হুগলির আরামবাগে আজ শুক্রবার এক মহামিছিলের ডাক দিয়েছে হুগলি জেলা যুব তৃণমূল কংগ্রেস। এই প্রতিবাদী মিছিলের প্রধান উদ্যোক্তা শান্তনু বন্দ্যোপাধ্যায় জানান, হুগলি জেলার প্রায় প্রতিটি ব্লকে এই প্রতিবাদী মিছিল অনুষ্ঠিত হচ্ছে। মিছিলটি শুরু হবে দুপুর ২টোয় দৌলতপুর থেকে এবং শেষ হবে সুধানীল সিনেমা সংলগ্ন স্থানে। সেখানে জনসভায় বক্তব্য রাখবেন মন্ত্রী তথা হুগলি জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি তপন দাশগুপ্ত, বিধায়ক প্রবীর ঘোষাল, শান্তনু বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

ফল ভালো হয়নি, আত্মঘাতী ছাত্রী

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ মাধ্যমিক পরীক্ষায় আশানুরূপ ফল না হওয়ায় আত্মঘাতী হল এক ছাত্রী। ওই ছাত্রীর নাম স্নেহা কুণ্ডু (১৬)। বাড়ি হুগলির গোঘাটের গোলপুর গ্রামে। বাবা কাজল কুণ্ডু পেশায় চাষী। তার এক দাদাও আছে। জানা গেছে, গোঘাট ভগবতী বালিকা বিদ্যালয় থেকে সে এবার মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল। তার প্রাপ্ত নম্বর ৩৪৮। কিন্তু ওই ফলে সে খুশি হয়নি। তার বন্ধুরা অনেক বেশি নম্বর পাওয়ায় সে মানসিকভাবে ভেঙে পড়েছিল। বাড়ি ফিরেও মনমরা হয়ে ছিল। যদিও স্বাভাবিকভাবেই দুপুরে খাওয়া দাওয়া করেছিল। এরপর সন্ধ্যার সময় বাড়ির সামনে নির্মীয়মান রান্নাঘরে ঢুকে মায়ের শাড়ির সঙ্গে বাড়ির কাঠামোয় গলায় ফাঁস লাগিয়ে ঝুলে পড়ে। কিছুক্ষণ পর পরিবারের লোক তাকে দেখতে পান। সঙ্গে সঙ্গে তাকে গোঘাট ১নং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। কিন্তু চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। অন্যদিকে পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় আত্মহত্যার চেষ্টা করল এক ছাত্রী। ওই ছাত্রীর নাম মহুয়া চোমরে। বাড়ি গোঘাটেরই ডাটপুর গ্রামে। সে এবার হাজিপুর ইউনিয়ন হাইস্কুল থেকে মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল। কিন্তু সে পাশ করতে পারেনি। তার প্রাপ্ত নম্বর মাত্র ১৬০। এরপর বাড়ি ফিরেই সে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ে। কিছুক্ষণ পর ঘরের মধ্যে ঢুকে গলায় দড়ির ফাঁস লাগিয়ে সিলিং ফ্যানে ঝুলে পড়ে। পরিবারের লোক তা বুঝতে পেরে দরজা ভেঙে তাকে উদ্ধার করে। সঙ্গে সঙ্গে তাকে কামারপুকুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে সেখানেই তার চিকিৎসা চলছে।

মৃত স্নেহা কুণ্ডু

বৃহস্পতিবার হুগলির তেলেনিপাড়া ও শ্যামনগর গঙ্গারঘাটে নতুন জেটির উদ্বোধন হল। উদ্বোধন করলেন পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। উপস্থিত ছিলেন মন্ত্রী ইন্দ্রনীল সেন ছাড়াও দপ্তরের আধিকারিকরা। এছাড়াও এদিন ১১টি উন্নতমানের জলযানের যাত্রার সূচনা হয়।

গোঘাটে স্কুল ভিত্তিক মাধ্যমিকের ফল

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ কামারপুকুর রামকৃষ্ণ মিশন মাল্টিপারপাস স্কুল-- মোট পরীক্ষার্থী ১০১জন, পাস-১০১, প্রথম - প্রীতম নায়েক ৬৭৬। আনুড় হাইস্কুল --- মোট পরীক্ষার্থী ৬২জন, পাস- ৬০, প্রথম - হিমাংশু মাল ৬০৯। খাটুল শিবদুর্গা হাইস্কুল--- মোট পরীক্ষার্থী ৫৬ জন, পাস- ৫০, প্রথম - সন্তু নন্দী ৫৩৪। সাতবেড়িয়া উচ্চবিদ্যালয়--- মোট পরীক্ষার্থী ১২০জন, পাস- ১১৫, প্রথম - অরুণিমা রায় ৬৪৮। ঝরিয়া শ্রীরামকৃষ্ণ বিদ্যাপীঠ — মোট পরীক্ষার্থী ৭৯জন, পাস-৭৯, প্রথম - শুভদীপ নন্দী ৬৩৭। কামারপুকুর নয়নতারা বালিকা বিদ্যালয়— মোট পরীক্ষার্থী ৯৮জন, পাস-৯৮, প্রথম - কুসুম আগরওয়াল ৬৩৮। হাজিপুর ইউনিয়ন হাইস্কুল--- মোট পরীক্ষার্থী ১৩৬জন, পাস- ১২০, প্রথম - শবরী কুণ্ডু ৬৪৬। ভগবতী বালিকা বিদ্যালয় — মোট পরীক্ষার্থী ৮০জন, পাস-৮০, প্রথম -শ্রেয়া তপস্বী ৬১৩। বেঙ্গাই কামিনীদেবী গার্লস হাইস্কুল--- মোট পরীক্ষার্থী ৩৯জন, পাস- ৩৩, প্রথম - তিষা মণ্ডল ৬৫০। বদনগঞ্জ হাইস্কুল--- মোট পরীক্ষার্থী ৯৭জন, পাস-৯৩ জন, প্রথম - সুমন পাল ও সৌভিক সাহানা ৬৫৯। বদনগঞ্জ সারদামণি উচ্চবালিকা বিদ্যালয়---মোট পরীক্ষার্থী ১৩১জন, পাস- ১২৪ প্রথম - স্বাগতা রায় ৬২১। গড়মান্দারণ হাইস্কুল---মোট পরীক্ষার্থী ৯৩জন, পাস-৮৬, প্রথম - সেখ আমির চাঁদ ৫৬২। সামন্তখণ্ড হাইস্কুল ---মোট পরীক্ষার্থী ১১৭জন, পাস- ১১২, প্রথম - প্রতাপ ঘোষ ও চিন্ময় দে ৬৪৯। কোকন্দ কালিকা শিক্ষাসদন--- মোট পরীক্ষার্থী ১১০জন, পাস- ১০৯, প্রথম - সায়ন পাল ৬৬৫। নকুণ্ডা কাত্যায়নী উচ্চবিদ্যালয় —মোট পরীক্ষার্থী ১৬২জন, পাস- ১৫০, প্রথম - শুভজিৎ মণ্ডল ৬৫৭। বালি উদয়রাজপুর হাইস্কুল--- মোট পরীক্ষার্থী ৬১জন, পাস -৪৮, প্রথম - পিয়ালী রক্ষিত ৫৩৯। গোঘাট হাইস্কুল --- মোট পরীক্ষার্থী ৭৬জন, পাস-৭২, প্রথম -স্বরাজ লায়েক ৬৩২। দামোদরপুর হাইস্কুল---মোট পরীক্ষার্থী ১৬৩জন, পাস-১৬৩ প্রথম - সুমিতা সামন্ত ও দেবাশিস পাল ৬৩৯। কাঁটালি হাইস্কুল---মোট পরীক্ষার্থী ৪১জন, পাস-৪১, প্রথম - ইন্দ্রজিৎ লাহা ৫৮৪।

বাসের ধাক্কায় মৃত সাইকেল আরোহী

নিজস্ব সংবাদদাতা, চণ্ডীতলা ঃ হুগলির চণ্ডীতলার জঙ্গলপাড়ায় সরকারি বাসের ধাক্কায় মৃত্যু হল এক সাইকেল আরোহীর। মৃতের নাম বিশ্বনাথ আদক (৩৯)। ঘটনার পরেই বাসের চালক পলাতক। অন্যদিকে বেপরোয়া গাড়ি চালানো রুখতে পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে কলকাতা-আরামবাগ ২নং রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। বৃহস্পতিবার সকালে সাইকেলে করে কর্মস্থানে যাচ্ছিলেন চণ্ডীতলার বাসিন্দা বিশ্বনাথবাবু। তখনই আরামবাগ থেকে আসা কলকাতাগামী একটি সরকারি বাস নিয়ন্ত্রণ হারিয়ে তাঁর সাইকেলের পিছনে ধাক্কা মারে। গুরুতর জখম অবস্থায় বিশ্বনাথবাবুকে উদ্ধার করে স্থানীয় মানুষ চণ্ডীতলা হাসপাতালে নিয়ে যান। কিন্তু সেখানে তাঁর শারীরিক অবস্থার অবনতি হওয়ায়শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই তাঁর মৃত্যু হয়। স্থানীয়দের অভিযোগ, জনবহুল এই এলাকায় এর আগেও দুর্ঘটনায় মৃত্যু হয়েছে। যান চলাচলে কোনওরকম নিষেধাজ্ঞা না থাকায় প্রায়ই দুর্ঘটনা ঘটে। বৃহস্পতিবার আরও একজনের প্রাণহানি হওয়ায় এলাকার মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠেন। ঘটনাস্থলে চণ্ডীতলা থানার পুলিশ ছুটে যায়। কিন্তু পুলিশকে ঘিরেও এলাকার মানুষ বিক্ষোভ দেখাতে শুরু করেন। দীর্ঘক্ষণ অবরোধ বিক্ষোভের পর প্রশাসনের আশ্বাসে অবরোধ উঠে যায়। এরপরেই পুলিশ মৃতদেহটি ময়নাতদন্তের জন্য শ্রীরামপুরে পাঠায়।

কামারপুকুরে শর্টহ্যান্ড প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাটের কামারপুকুর ময়রা পাড়াতে ১৬ দলীয় এক শর্টহ্যান্ড ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। এম আর এফ ক্লাবের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় বিজয়ী দলকে চার হাজার টাকা ও রানার্স দলকে সাড়ে তিন হাজার টাকা পুরস্কার দেওয়া হয়।

মেলার মধ্যে কুকর্ম, গ্রেফতারের দাবি

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ মেলার মধ্যে কুকর্ম করছে এক প্রৌঢ়। ব্রেক ড্যান্স রাইডিং-এর সামনে দাঁড়িয়ে এক নাবালিকার সঙ্গে কুকর্ম করতে দেখা যাচ্ছে প্রৌঢ়কে। এই ভিডিও ভাইরাল হয়ে ফেসবুক, হোয়াটসঅ্যাপে ছড়িয়ে পড়েছে। হুগলির চুঁচুড়া বক্সিং মাঠে হ্যান্ডলুম এণ্ড হ্যান্ডিক্রাফট এক্সপো চলাকালীন এই ঘটনা বলে দাবি করা হচ্ছে। যদিও মেলা কর্তৃপক্ষের দাবি, ওই ভিডিওটি চুঁচুড়া মেলার নয়। হতে পারে অন্য কোনও মেলার। তাদের মেলাকে বদনাম করতেই এই ছবি ভাইরাল করা হয়েছে। উল্লেখ্য, কলকাতার বাসে এক প্রৌঢ়ের স্বমোহনের ছবি তুলে সোস্যাল মিডিয়ায় ছেড়েছিলেন এক যুবতী। পরে সেই ছবি দেখে গ্রেফতার করা হয় ওই প্রৌঢ়কে। মেলার মধ্যে কীর্তিমান প্রৌঢ়ের ছবি দেখে প্রশাসনকে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন এলাকার মানুষ। চুঁচুড়ায় ৩ জুন শুরু হয়েছে এই মেলা। চলবে ২ জুলাই পর্যন্ত। দর্শকদের জন্য বিভিন্ন ধরনের রাইডিং রয়েছে। নিরাপত্তার জন্য রয়েছে সিসি ক্যামেরাও। নিজস্ব নিরাপত্তারক্ষীর পাশাপাশি পুলিশও মোতায়েন রয়েছে। কেউ এধরনের অপরাধ করলে ছাড় পাবে না, জানাচ্ছেন মেলা কর্তৃপক্ষ

উপপ্রধান খুনে তিনজনের পুলিশ হেফাজত

নিজস্ব সংবাদদাতা, ধনেখালি ঃ প্রাক্তন উপপ্রধান মৃত্যুঞ্জয় বেরা খুনে অভিযুক্ত তিনজনের ১৪দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিলেন আদালতের বিচারক। বৃহস্পতিবার অভিযুক্ত বিশ্বজিৎ ঘোষ, সুরজিৎ সাঁতরা ও বিদ্যুৎ রায়কে চন্দননগর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তিনজনকেই পুলিশ হেফাজতের নির্দেশ দেন। উল্লেখ্য, এই তিনজনকে অন্ধ্রপ্রদেশের একটি হোটেল থেকে গ্রেফতার করা হয়েছিল। প্রসঙ্গত, ২৩ মে দুষ্কৃতীদের হাতে আক্রান্ত হয়েছিলেন প্রাক্তন উপপ্রধান মৃত্যুঞ্জয় বেরা। ২৫ মে কলকাতার হাসপাতালে তাঁর মৃত্যু হয়।

পতঙ্গবাহী রোগ নিয়ে কর্মশালা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ ডেঙ্গু, ম্যালেরিয়াসহ পতঙ্গবাহী রোগ নিয়ে হুগলির আরামবাগ পঞ্চায়েত সমিতির ভবনে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হল। উপস্থিত ছিলেন আরামবাগ বিডিও বিশাখ ভট্টাচার্য, বিদায়ী পঞ্চায়েত সমিতির সভাপতি শিশির সরকার প্রমুখ। জানা গেছে, বাড়ি বাড়ি গিয়ে এইসব রোগ সম্পর্কে তথ্য সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন বাড়িতে চারবার করে দেখা করে আট মাসের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

আরামবাগে সাপের কামড়ে মৃত শিশু

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ সাপের কামড়ে মৃত্যু হল এক শিশুর। মৃতের নাম রাজদীপ দোলুই। বয়স মাত্র ৩। ঘটনাটি ঘটেছে হুগলির আরামবাগের হরিণখোলা ১নং গ্রাম পঞ্চায়েতের মধুরপুর এলাকায়। শিশুর বাবা রমেশ দোলুই বলেন, তিনি ও তাঁর স্ত্রী দিনমজুরের কাজ করেন। দুজনেই মাঠে ছিলেন। ছেলে বাড়িতে খাওয়া দাওয়া করে ধানজমির কাছে খেলছিল। কিছুক্ষণ পর বাড়িতে এসে ঠাকুমাকে জানায় তার বাম পায়ে কিছু একটা কামড়ে দিয়েছে। এরপর তার মুখ থেকে লালা বের হতে থাকে। পরিবারের লোকেরা তখন রাজদীপকে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে যান। কিন্তু চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মাধ্যমিকে অষ্টম প্রেরণাকে সম্বর্ধনা

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ মাধ্যমিক পরীক্ষায় হুগলির চন্দননগর কৃষ্ণভাবিনী নারীশিক্ষা মন্দিরের ছাত্রী প্রেরণা মণ্ডল অষ্টম স্থান অধিকার করায় হুগলি জেলা তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে তাকে শুভেচ্ছা জানানো হল। জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি গোপাল রায় এবং জেলা তৃণমূল ছাত্র পরিষদের ও চন্দননগর শহর তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে ছাত্রনেতা সম্বুদ্ধ দত্ত ও অন্যান্য সদস্যরা প্রেরণাকে শুভেচ্ছা জানান। অন্যদিকে প্রেরণার বাড়িতে গিয়ে সম্বর্ধনা দেয় চন্দননগর ইউথ ফোরাম। ফোরামের ২৪জন সদস্য ও সদস্যা বুধবার রাতে প্রেরণার হাতে উত্তরীয়, পুষ্পস্তবক, মিষ্টি, ফেলুদা সমগ্র বই উপহার দেন। তার ছবি দেওয়া সুদৃশ্য মানপত্র তার হাতে তুলে দেওয়া হয়। ইউথ ফোরামের পক্ষে সভাপতি নির্মলেন্দু ঘটক জানান, টাকার অভাবে কোনও ছাত্রছাত্রীর পড়াশোনা আটকে গেলে তাঁরা তার পাশে থাকবেন।

আত্মঘাতী গৃহবধূ

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ পারিবারিক অশান্তির জেরে বিষ খেয়ে আত্মঘাতী হলেন এক গৃহবধূ। মৃতার নাম মাম্পি সাঁতরা (২৫)। বাড়ি হুগলির গোঘাটের শাওড়া গ্রামে। তাঁর বাপের বাড়ি গোঘাটেরই খানাটি গ্রামে। জানা গেছে, ১৮দিন আগে তিনি বিষ পান করেন। পরিবারের লোক তাঁকে আরামবাগ মহকুমা হাসপাতালে ভর্তি করেছিলেন। পরে অবস্থার অবনতি হওয়ায় তাঁকে কলকাতার শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে অবস্থার উন্নতি হওয়ায় তাঁকে বাড়ি ফিরিয়ে আনা হয়েছিল। বাড়ি ফিরে এসে বাপের বাড়িতেই ছিলেন। কিন্তু এরপর আবার তিনি অসুস্থ হয়ে পড়েন। তাঁকে তখন আবার কামারপুকুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে মারা যান মাম্পিদেবী।

দুঃসাহসিক ডাকাতি

নিজস্ব সংবাদদাতা, হরিপাল ঃ হুগলির হরিপালের চন্দনপুরে একটি জুয়েলারী দোকানে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটল। বুধবার রাতে ৭ জনের এক ডাকাতদল সশস্ত্র অবস্থায় বোমা মেরে দোকানে ঢুকে কিছু নগদ টাকাসহ দোকানে থাকা সমস্ত সোনা ও রূপার অলংকার নিয়ে চম্পট দেয়। দোকানে ঢুকে তারা দোকান মালিক মানিক ধাড়ার মাথায় বন্দুক ঠেকিয়ে মারধর শুরু করে। দোকানের জিনিসপত্র ভাঙচুর চালায়। দোকানদারকে মারতে মারতে নিচে ফেলে দেয়। তিনি পায়ে গুরুতর চোট পান। তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। ঘটনাস্থলে চারটি বোমা ছোঁড়ে ডাকাত দল। তার মধ্যে দুটি বোমা ফেটে যায়। একটি গাড়িতে বোমা মেরে ভাঙচুর চালায় দুষ্কৃতীরা। খবর পেয়ে হরিপাল থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে ছুটে যায়। তারা পড়ে থাকা ওই বোমা দুটিকে উদ্ধার করে। তাছাড়াও কবরস্থানের পাশ থেকে কিছু বোমা, একটি প্যান্টশার্ট, একজোড়া জুতো ও একটি স্কুল ব্যাগ উদ্ধার করে পুলিশ। বৃহস্পতিবার বিকাল পর্যন্ত কোনও দুষ্কৃতীকে ধরা যায়নি। আশেপাশের এলাকাগুলিতে পুলিশ তল্লাশি শুরু করেছে।

মাধ্যমিকে নজরকাড়া সাফল্য নাবাবীয়া মিশনের

সেখ রহমতুল্লা

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ মাধ্যমিক পরীক্ষায় হুগলির খানাকুলের নাবাবীয়া মিশন এবার সাফল্যের নজির গড়ল। এই মিশন থেকে ৬২জন ছাত্র মাধ্যমিক পরীক্ষায় বসেছিল। তাদের মধ্যে ৩০জন স্টার মার্কস পেয়েছে। বাকি ৩২জনও প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। ২০০৭ সাল থেকে এই মিশনের ছাত্রছাত্রীরা মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। এবারই সবচেয়ে ভালো ফল করেছে এই মিশন। সাফল্যের বিচারে জি ডি চ্যারিটেবেলের অধীন ৩৩টি মিশনের মধ্যে সবচেয়ে ভালো ফল করেছে। উল্লেখ্য, এবার পরীক্ষায় এই মিশনের ছাত্র সেখ রহমতুল্লা ৬৬০ নম্বর পেয়ে মিশনের মধ্যে প্রথম হয়েছে। এছাড়া সৌরভ খান ৬৪১, শেখ ইরফান আলি ৬৩৪, ইরশাদ আঞ্জুম খান ৬২৯, বাগবুল গায়েন ৬২৬, সেখ আজাদ বাদশা ৬২২, মোকসেদুল আলম ৬২০, আতাবুল ভাঙ্গী ৬১৬, মহঃ তৌফিক আলম ৫০৭ এবং দিলসাদ আলি দেওয়ান ৬০৬ পেয়েছে। এই প্রথম ১০জনের মধ্যে ৯জনই একেবারেই দুঃস্থ পরিবার থেকে আসা ছাত্র বলে জানিয়েছেন স্কুলের সম্পাদক সাহিদ আকবর। উল্লেখ্য, এই মিশনটিতে সারা রাজ্যের গ্রাম্য এলাকার গরিব ছেলেমেয়েরাই বেশি করে পঠনপাঠন করে থাকে। যাতে তাদের পড়াশোনার ক্ষেত্রে কোনও অসুবিধা না হয় সেজন্য জিডি চ্যারিটেবেলের কর্ণধার মোস্তাক হোসেন সবরকম সহায়তা দিয়ে থাকেন। তাই এই মিশনের উল্লেখযোগ্য ফলাফলে মোস্তাক হোসেন ছাড়াও জিডি মনিটরিং কমিটির চেয়ারম্যান এস নুরুল হক সন্তোষ প্রকাশ করেছেন। মিশনের মধ্যে প্রথম হওয়া ছাত্র সেখ রহমতুল্লার বাড়ি নদীয়ার পলাশীর জানকীনগর গ্রামে। সে অষ্টম শ্রেণি থেকে এই মিশনে পড়াশোনা করছে। তার আগে নিজের গ্রামের কাছে মিনা হাইস্কুলে পড়াশোনা করত। তারা দুই ভাই ও এক বোন। বাবা সেখ আদর আলি অত্যন্ত কষ্ট করে ছেলেদের মানুষ করছেন। এক সময় তাঁর একটি নিজস্ব গ্যারেজ ছিল। কিন্তু সেই গ্যারেজটি আগুনে পুড়ে নষ্ট হয়ে যায়। তখন তিনি পলাশী বাজারে একটি চায়ের দোকান চালাতে শুরু করেন। তবে সেটিও বেশি দিন ধরে রাখতে পারেননি। কারণ জাতীয় সড়ক সম্প্রসারণের জন্য চায়ের দোকানটিকে ভেঙে ফেলা হয়। তাই বাধ্য হয়ে এখন লোহা ভাঙা, টিন ভাঙা কেনাবেচা করে ছেলেদের মানুষ করছেন। বড় ছেলে সাবির বর্তমানে কলকাতার সেন্ট পলস কলেজে পদার্থবিদ্যায় অনার্স করছে। রহমতুল্লা জানায়, সে অনেক দূর পড়াশোনা করতে চায়। বড় হয়ে নিজের পায়ে দাঁড়িয়ে পরিবারের দারিদ্র দূর করতে চায়। তার ইচ্ছা আছে ভবিষ্যতে আই এ এস অফিসার হওয়ার। রহমতুল্লা তার এই সাফল্যের জন্য মিশন কর্তৃপক্ষকে কৃতিত্ব দিয়েছে। সে জানিয়েছে, পরিবারের অনুপ্রেরণার পাশাপাশি মিশনের শিক্ষক শিক্ষিকা সম্পাদক এবং অন্যান্যরা সবসময় সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। তাই ভালো ফল করা সম্ভব হয়েছে। রহমতুল্লার বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর হল বাংলায় ৯০, ইংরেজিতে ৮৪, অঙ্কে ১০০, পদার্থবিদ্যায় ৯৭, জীবনবিজ্ঞানে ৮৫, ইতিহাসে ৮৫, ভূগোলে ৯৯। মিশনের এই সাফল্য প্রসঙ্গে সম্পাদক সাহিদ আকবর বলেন, স্কুলের শিক্ষক শিক্ষিকারা এবং স্কুল পরিচালন কমিটির সকলেই দিনরাত পরিশ্রম করেন। তাই এই সাফল্য এসেছে। তিনি আরও জানান, রহমতুল্লা অত্যন্ত দরিদ্র পরিবারের ছেলে। তাই অতি সামান্য খরচে মিশনে পড়াশোনা করত। এবার উচ্চমাধ্যমিকে তার পড়াশোনার সমস্ত খরচ মিশন কর্তৃপক্ষ নিয়েছে বলেও জানান সাহিদ আকবর।

বাস-লরি মুখোমুখি সংঘর্ষ, আহত ২৫

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ আবারও দুর্ঘটনা। এবার হুগলির আরামবাগের জয়রামপুর এলাকায়। জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে একটি যাত্রীবাহী বাসের সঙ্গে লরির মুখোমুখি সংঘর্ষে কমপক্ষে ২৫জন আহত হন। তাঁদের মধ্যে এক বাচ্চা ও দুই মহিলাসহ ৮জনকে আরামবাগ মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। আহতদের মধ্যে পূর্ব কেশবপুরের বাসিন্দা লায়লা বেগম, মুশকান খাতুন, মাফুদ মল্লিক একই পরিবারের। গুরুপদ বারুই নামে এক যাত্রীর মাথায় চারটি সেলাই পড়েছে। দুর্ঘটনার খবর পেয়ে আরামবাগ হাসপাতালে ছুটে যান আরামবাগ পৌরপ্রধান স্বপন নন্দী, আরামবাগ পঞ্চায়েত সমিতির বিদায়ী সভাপতি শিশির সরকার প্রমুখ। স্থানীয় সূত্রে জানা গেছে, যাত্রীবাহী বাসটি আরামবাগ থেকে তারকেশ্বরের দিকে যাচ্ছিল। তখন উল্টো দিক থেকে আসা একটি লরির সঙ্গে তার মুখোমুখি সংঘর্ষ হয়। যাত্রীদের চিৎকার শুনে স্থানীয় মানুষ ছুটে গিয়ে আহত যাত্রীদের উদ্ধার করেন।

আঁকন প্রতিযোগিতা
বসে আঁকো
রং মেলান্তি
GITA AD-VENTURE
Arambagh, Hooghly, W.B.
7407450077 / 7407450600
Email- rangmelanti@gmail.com ● Website- www.rangmelanti.co.in
Online Form fillup- f
নাম নথিভুক্তকরণ মূল্য-১০০টাকা
রংমেলান্তি অঙ্কন প্রতিযোগিতা এবছর ৫টি জেলায় অনুষ্ঠিত হচ্ছে।
এবছর প্রতিযোগিতাটি বসে আঁকো হবে, তোমাদের নিজের জেলার নিজের শহরে

10 JUN 2018 KOTULPUR	17 JUN 2018 BISHNUPUR	24 JUN 2018 KAMARPUKUR	01 JULY 2018 KHIRPAI	08 JULY 2018 CHANDRAKONA TOWN	15 JULY 2018 SEHARABAZAR	22 JULY 2018 BURDWAN
29 JULY 2018 SHYAM SUNDAR	04 AUG 2018 BANKURA	05 AUG 2018 LOHAI	11 AUG 2018 DASPUR	12 AUG 2018 SINGUR	18 AUG 2018 PANSKURA	19 AUG 2018 TARAKESWAR
25 AUG 2018 KOLAGHAT	26 AUG 2018 JANGIPARA	1 SEP 2018 MIDNAPUR	02 SEP 2018 KHANAKUL	09 SEP 2018 GOURHATI	16 SEP 2018 ARAMBAGH	

Title Partner- Shiney Super Detergent Powder
Entertainment partner-
Media Partner- সংবাদ নজর
Technology Partner
Supported by Daisy Organic
পুরস্কার
1st- 10,000/-
2nd- 7,000/-
3rd- 5,000/-
4th- 3,000/-
5th- 2,000/-
6th- 1,000/-
7th- 500/-
এছাড়াও 300 টি
Consolation Prize

হতাশ জীবনে আশার আলো.............
জার্মান হোমিও কেয়ার
Mob.-9674533162 / 7890779979
SEX, প্রবলেম - যৌন সমস্যা
●সহবাসে অক্ষমতা ●ইন্দ্রিয় শিথিলতা ●শীঘ্র পতন ●ইন্দ্রিয় ছোট, ইন্দ্রিয় সরু ●উত্তেজনার অভাব ○স্বপ্ন দোষ ●ধাতু তারল্য ●ধাতু ক্ষয় ●সিফলিস ●গনোরিয়া ●ফাইমোসিস
সহ যাবতীয় নারী-পুরুষ যৌন ও গুপ্ত রোগের সুচিকিৎসা নিন।
১০০% সুচিকিৎসা নিন
☆ গোপনে মদ, গাঁজা, ড্রাগস, সিগারেট ও হেরোইন, গুটকাসহ যাবতীয় নেশা ছাড়ানো হয়।
☆মহিলাদের বক্ষ সৌন্দর্য্য ☆যাবতীয় চুলের সমস্যার সমাধান করা হয়
☆অর্শ, ফিসচুলা, হাঁপানী, ডায়বেটিস ☆ব্রণ, চর্মরোগ, পেটের রোগ
☆রোগা থেকে মোটা-মোটা থেকে রোগা
আগে থেকে ফোনে নাম নথিভুক্ত করে আসুন।
শেওড়াফুলি (পোস্ট অফিসের পিছনে) মঙ্গল, বৃহস্পতি, শনি দুপুর ৩ টে থেকে সন্ধ্যা ৭টা, রবিবার সকাল ৯টা থেকে সকাল ১১টা
দমদম জংশন ইন্দিরা ময়দানের বিপরীতে প্রতি সোম ও শুক্র সকাল ৯টা থেকে সন্ধ্যে ৭টা
আরামবাগ গৌরহাটী মোড়
তারকেশ্বর কালীবাড়ীর মাঠের পূর্বদিকে

বেড়াতে আসুন কামারপুকুরে
কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব লজ, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

ফোন- ০৩২১১-২৫৬৯৫০/মোঃ ৯৭৩২৮৪৩৬৭৭
নিরোগ ডায়াগনেষ্টিক
আরামবাগ(কোর্ট রোড), হুগলী
●সিটি স্ক্যান ●ডিজিট্যাল এক্সরে ●আল্ট্রাসোনোগ্রাফি ●কালার ডপলার ●ইকোকার্ডিগ্রাফী ●প্যাথলজি ●এফ.এন.এ.সি. ●ই এম জি এন সি ভি ●বায়োপ্সি ●ই.ই.জি. ●ই.সি.জি
Dr. Nischay R,
M.D. D.M.
প্রতি ইং মাসের প্রথম ও তৃতীয় রবিবার এন্ডোসকপি ও কোলোনসকপি করা হবে।